

সঙ্কটকালীন পরিকল্পনা প্রস্তুত করা, রসদ জড়ো করার জন্য আপনার বাড়ির প্রত্যেকের একসাথে কাজ করা উচিত, এবং বোঝা উচিত যে তারা কোন বিপদগুলির সম্মুখীন হতে পারেন।

বিপর্যয় সংক্রান্ত একটি পারিবারিক পরিকল্পনা তৈরী করুন

আপনার পরিবারের সদস্যদের নিয়ে একটি বিপর্যয় সংক্রান্ত পরিকল্পনা গড়ে তুলুন এবং সেটির অনুশীলন করুন যাতে সঙ্কটকালে কী করতে হবে, কীভাবে একে অপরকে খুঁজতে হবে, কীভাবে যোগাযোগ করতে হবে সে ব্যাপারে প্রস্তুত থাকা যায়।

- কোনো একটি বিপর্যয়ের পরে আপনার পরিবারের সদস্যরা কোথায় পুনরায় একত্রিত হবেন তা স্থির করুন। দেখা করার দুটি স্থান সনাক্ত করুন: একটি আপনার বাড়ির কাছে এবং অপরটি আপনার পাশের পাড়ার বাইরে।
- আপনার বাড়ি ও পাড়া থেকে বেরিয়ে যাওয়ার সমস্ত সম্ভাব্য পথগুলির ব্যবহার অনুশীলন করুন।
- কোনো বিপর্যয়ের সময়ে বিচ্ছিন্ন হয়ে গেলে পরিবারের সদস্যরা ফোন করতে পারেন এমন কোনো স্টেটের বাইরের বন্ধু বা আত্মীয়কে মনোনীত করুন। যদি নিউ ইয়র্ক সিটি ফোনের লাইন ব্যস্ত থাকে, তাহলে অধিক-দূরত্বে কলগুলি করা সহজতর হতে পারে। স্টেটের বাইরের এই যোগাযোগের ব্যক্তি আপনাকে অন্যদের সাথে সংযোগস্থাপনে সাহায্য করতে পারেন।
- প্রত্যেকের চাহিদার জন্য পরিকল্পনা করুন, বিশেষ করে বয়োজ্যেষ্ঠ ব্যক্তি, ইংরেজী বলতে পারেন না এমন ব্যক্তি, অক্ষমতা থাকা ব্যক্তি, বাচ্চা এবং পোষা জীবজন্তু।
- সঠিক বীমা ক্রয় করুন। আপনি যদি আপনার বাড়িটি ভাড়া নেন, তাহলে বাড়িওয়ালার বীমা আপনার অ্যাপার্টমেন্টের ভেতরের জিনিসপত্রগুলিকে বীমা সুরক্ষা দেবে। আপনি যদি বাড়ির মালিক হন, তাহলে আপনার বাড়িটি যে যথাযথভাবে বীমার আওতাভুক্ত তা নিশ্চিত করুন - বন্যা ও ঝড়ের দ্বারা সাধিত ক্ষতিগুলি বাড়ির মালিকের প্রাথমিক পলিসির আওতাভুক্ত নয়।

একটি সঙ্কটকালীন রসদের সরঞ্জাম একত্র করুন

আপনার বাড়িতে যথেষ্ট পরিমাণে রসদ মজুত রাখুন যাতে অন্তত তিন বাঁচা যায়। এই সব সামগ্রীগুলো একটি সহজে প্রাপ্তিসাধ্য বাস্কে বা কাবার্ড-এ রাখুন, এবং দিবালোক-সাশ্রয়ের সময়গুলোতে (ডে-লাইট সেভিং টাইম)বছরে দুবার করে সেগুলোকে পালটে ব্যবহারের উপযোগী করে রাখুন। পরামর্শ দেওয়া সামগ্রীগুলো অনলাইন-এ বা আপনার স্থানীয় মুদিখানা, ওষুধ, বা সেনাবাহিনীর রসদের দোকানে পাওয়া যায়। পরামর্শ দেওয়া সামগ্রীগুলো হল:

- প্রতি ব্যক্তির প্রতি দিনের জন্য এক গ্যালন পানীয় জল
- অপচনশীল, খাওয়ার-জন্য-প্রস্তুত কৌটোর খাবার এবং হাত দিয়ে কৌটো খোলার উপকরণ (ক্যান ওপেনার)
- প্রাথমিক চিকিৎসার বাস্ক
- ফ্ল্যাশলাইট
- ব্যাটারি-চালিত AM/FM রেডিও ও অতিরিক্ত ব্যাটারি
- ছইসেল
- আয়োডিন ট্যাবলেট বা এক কোয়ার্ট গন্ডহীন ব্লিচ (স্বাস্থ্য আধিকারিকরা নির্দেশ দিলে শুধুমাত্র সেফেক্রেই জলকে সংক্রামক-জীবাণু মুক্ত করার জন্য) এবং চোখের ড্রপার (জলে ব্লিচ মেশানোর জন্য)
- বিদ্যুৎশক্তির প্রয়োজন হয় না এমন ফোন

সঙ্কটকালীন রেফারেন্স কার্ড

বিপর্যয় সংক্রান্ত আপনার ব্যক্তিগত পরিকল্পনার বিবরণ লিখে রাখার জন্য এই কার্ডটি ব্যবহার করুন। আপনার পরিবারের প্রত্যেক সদস্যের কাছে একটি করে থাকা উচিত।

নাম:

বাড়িতে সাক্ষাতের স্থান:

পাড়ায় সাক্ষাতের স্থান:

কর্মস্থল/স্কুল/বিপদ থেকে অপসারণ করার অন্যান্য স্থানসমূহ:

কার্বঙ্কল/স্কুল/অন্যান্য যোগাযোগ:

স্টেটের বাইরের যোগাযোগ:

বাড়ির মালিকের/বাড়িওয়ালার বীমা:

ভাস্করের নাম ও নম্বর:

বিপদের ঝুঁকিস্থল সম্পর্কে জানুন

নিউ ইয়র্ক সিটিকে ক্ষতিগ্রস্ত করতে পারে এমন বিপদের ঝুঁকিগুলো, যেমন ঘূর্ণীঝড় থেকে বাড়িতে আশ্রয় লাগা – সম্পর্কে জ্ঞান আপনাকে একটি বিপর্যয়ের সময়ে নিরাপদে থাকতে সাহায্য করে। এইসকল বিপদের ঝুঁকিগুলি সম্পর্কে জানতে

911: সঙ্কটকাল

যখন আপনি তাৎক্ষণিক বিপদের সম্মুখীন বা কোনো একটি অপরাধ ঘটেতে দেখছেন তখন 911-এ ফোন করুন।

আপনার যদি একটি গুরুতর আঘাত লাগে বা জীবনের-ঝুঁকিপূর্ণ চিকিৎসাগত অবস্থা দেখা দেয় তাহলে 911-এ ফোন করুন।

311: সঙ্কটকাল-বহির্ভূত

আপনি যদি সঙ্কটকালীন নয় এমন পরিষেবাসমূহ পেতে চান বা সিটি প্রশাসনের কার্যক্রম সম্পর্কে তথ্য জানতে চান তাহলে 311-এ ফোন করুন।

অবগত থাকুন

ফেসবুক ও টুইটার-এ OEM

[@nycoem](https://www.facebook.com/NYCEmergencymanagement)

NOTIFY NYC

NYC.gov/notifynyc-এ গিয়ে, 311-এ ফোন করে, বা টুইটার-এ @NotifyNYC অনুসরণ করে সঙ্কটকালীন বিজ্ঞপ্তির জন্য রেজিস্টার করুন

একটি গো ব্যাগে রাখিয়ে রাখুন

পরিবারের প্রত্যেক সদস্যের একটি গো ব্যাগ - বিপদস্থল থেকে অপসারণের ঘটনায় আপনি ব্যবহার করতে পারেন এমন সামগ্রীর সংগ্রহ শুঁড়িয়ে রাখা উচিত। প্রতিটি গো ব্যাগ মজবুত, হাক্কা, এবং সহজে বহনযোগ্য হওয়া উচিত, যেমন একটি ব্যাকপ্যাক। পরামর্শ দেওয়া সামগ্রীগুলো হল:

- একটি জলনিরোধক ও সহজে বহনযোগ্য বাস্কে (বীমার কার্ড, জন্মের সার্টিফিকেট, দলিল, ফটো আইডি, ইত্যাদি) আপনার গুরুত্বপূর্ণ নথিপত্রগুলোর কপি।
- গাড়ি এবং বাড়ির চাবির অতিরিক্ত গোছা
- ক্রেডিট ও ATM কার্ড-এর কপি এবং নগদ অর্থ
- বোতলের জল এবং অপচনশীল খাবার যেমন এনার্জি বা গ্র্যানোলা বার
- ফ্ল্যাশলাইট
- ব্যাটারি-চালিত AM/FM রেডিও ও অতিরিক্ত ব্যাটারি
- পরিবারের সদস্যরা যে ওষুধ ও ডোজগুলি নেন সেগুলির তালিকা, অথবা ডাক্তারের নাম ও ফোন নম্বর সহ আপনারদের সমস্ত প্রেসক্রিপশন স্লিপগুলির কপি
- প্রাথমিক চিকিৎসার বাস্কে
- বাচ্চাদের যত্নের পণ্য, পোষ্যদের যত্নের পণ্য, এবং অন্যান্য বিশেষ সামগ্রীগুলো
- হালকা ওজনের বর্ষাতি এবং মাইলার কব্বল
- আপনার পরিবারের জন্য যোগাযোগ ও দেখা করার স্থান সংক্রান্ত তথ্য, এবং একটি ছোট আঞ্চলিক মানচিত্র

এই নির্দেশিকাটি নীচের ভাষাগুলিতেও পাওয়া যায়।

Arabic

للمزيد من هذا الدليل، يرجى زيارة NYC.gov/readyny باللغة العربية من هذا الدليل.

Bengali

ইংলিশ-এ এই নির্দেশিকাটির কপি জন্য 311-এ ফোন করুন বা NYC.gov/readyny দেখুন।

Chinese

請撥打311或訪問NYC.gov/readyny，獲得本指南的中文版本。

English

Call 311 or visit NYC.gov/readyny for copies of this guide in English.

French

Visitez NYC.gov/readyny pour obtenir des exemplaires de ce guide en français.

Haitian Creole

Ale nan sitwèb NYC.gov/readyny pou jwenn kopi gid sa a nan lang Kreyòl Ayisyen.

Italian

Visita il sito NYC.gov/readyny per ricevere una copia di questa guida in italiano.

Korean

한국어로 된 안내서 사본은 NYC.gov/readyny를 방문하십시오.

Polish

Kopia w języku polskim jest opublikowana pod adresem NYC.gov/readyny.

Russian

Позвоните по номеру 311 или посетите сайт NYC.gov/readyny, чтобы получить эту брошюру на русском языке.

Spanish

Llame al 311 o visite NYC.gov/readyny para obtener acceso a este folleto en español.

Urdu

اس رہنما پرچہ کی کاپی اردو زبان میں حاصل کرنے کے لیے NYC.gov/readyny ملاحظہ کریں۔


Yiddish

באזוכט NYC.gov/readyny פאר א קאפיע פון דעם פאפיר אין אידיש.

NEW YORK CITY
citizen corps
www.NYC.gov/citizen corps

প্রস্তুত নিউ ইয়র্ক

সঙ্কটকালের জন্য প্রস্তুতি নেওয়া



Bengali, 2014 Edition

NYC

ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অফিস
(Office of Emergency Management)
বিল ডি ব্লাসিও (Bill de Blasio), মেয়র

